# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৬৩. কাফির ও মুশরিকদের পূজ্য ব্যক্তিদেরকে গালি দেয়া, চাই সে দেবতা হোক কিংবা নামধারী পীর-বুযুর্গ

আল্লাহ্ তা'আলা বলেন:

وَلَا تَسُبُّوا الَّذِينَ يَدْعُونَ مِن دُونِ اللَّهِ فَيَسُبُّوا اللَّهَ عَدْوًا بِغَيْرِ عِلْمٍ

‘‘কাফির ও মুশরিকরা এক আল্লাহ্ ছাড়া যাদেরকে ডাকে তাদেরকে তোমরা গালি দিও না তা হলে তারা বিদ্বেষ ও মূর্খতাবশত মহান আল্লাহ্ তা'আলাকেই গালি দিবে’’। (আন্'আম : ১০৮)

যদিও কাফির ও মুশরিকদের দেব-দেবীদেরকে গালি দেয়া জায়িয কিন্তু যখন তা মহান আল্লাহ্ তা'আলাকে গালি দেয়ায় পরোক্ষভাবে উৎসাহ জোগায় তাই তা আর প্রতিকূল পরিস্থিতির কারণে জায়িয থাকছে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11413

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন